



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।



বোর্ড বৃত্তির প্রত্যয়ন পত্র ও ব্যাংক হিসাবের তথ্য জমা দেয়ার বিজ্ঞপ্তি

তারিখ : ০৮/১০/২০২৪ ইং

ইডেন মহিলা কলেজ, ঢাকায় ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ ১মবর্ষ অনার্স শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রীদের মধ্যে যারা ২০২৩ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বোর্ড বৃত্তি পেয়েছে, তারা উচ্চ মাধ্যমিক যে কলেজ হতে পাশ করেছে, বোর্ড, বৃত্তিপ্রাপ্ত ছাত্রীদের তালিকা ঐ কলেজের নামসহ গেজেট আকারে প্রকাশ করেছে। যাদের নাম বৃত্তির তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে তাদেরকে নিজ নিজ উচ্চ মাধ্যমিক কলেজ থেকে বৃত্তি পেয়েছ এই মর্মে কলেজ প্যাডে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত (নামের সীলসহ) একটি প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।

উচ্চ মাধ্যমিক কলেজ থেকে প্রত্যয়ন পত্র সংগ্রহের সময়, প্রত্যয়নপত্রে যা উল্লেখ থাকতে হবে তা নিম্নে দেয়া হলো :


- ১। বৃত্তিধারী শিক্ষার্থীর নাম
- ২। বোর্ডের নাম (বৃত্তিধারী শিক্ষার্থী যে বোর্ড হতে পাশ করেছে)
- ৩। বিভাগ, (মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা)
- ৪। উচ্চ মাধ্যমিক পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর ও রোল নম্বর (অবশ্যই উল্লেখ থাকতে হবে)
- ৫। বৃত্তির গেজেটের স্মারক নং ও তারিখ এবং বৃত্তির ধরন (টেলেন্টপুল/ সাধারণ)
- ৬। প্রত্যয়নপত্রে বৃত্তিধারীর পৃষ্ঠা নম্বর ও বৃত্তির ক্রমিক নম্বর অবশ্যই উল্লেখ থাকতে হবে (যা বৃত্তির গেজেটে রয়েছে)
- ৭। বৃত্তির গেজেটে যে পৃষ্ঠায় বৃত্তিধারী শিক্ষার্থীর নাম রয়েছে সে পৃষ্ঠাটির ফটোকপি মূল প্রত্যয়ন পত্রের সাথে জমা দিতে হবে।
- ৮। বৃত্তিধারী শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধা রয়েছে বাংলাদেশের এমন যে কোন ব্যাংকে, ব্যাংক হিসাব খোলা থাকতে হবে। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য ও ব্যাংক হিসাবের তথ্য অত্র কলেজে জমা দেয়ার জন্য ইডেন মহিলা কলেজের ওয়েব সাইট (www.emc.edu.bd) এর **Download** অপশন থেকে বোর্ডবৃত্তির তথ্য ফরম **MS Word File Download** করে কম্পিউটারের মাধ্যমে সঠিক ভাবে পূরণ করে **Legal Size** কাগজে প্রিন্ট নিয়ে সকল কাগজপত্রের সাথে জমা দিতে হবে, আর **MS Excel File Download** করে কম্পিউটারের মাধ্যমে সঠিক ভাবে পূরণ করে ফাইলে দেয়া ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

প্রত্যয়নপত্রের মূল কপি পেছনে বৃত্তিধারী শিক্ষার্থীর নাম (বাংলায়), বর্তমানে অধ্যয়নরত বিভাগের নাম, শিক্ষাবর্ষ ও শ্রেণী রোল নম্বর এবং ছাত্রীর বর্তমান মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা লিখে অধ্যয়নরত বিভাগের, বিভাগীয় প্রধানের স্বাক্ষর (নামের সীলসহ) করিয়ে সকল কাগজপত্রসহ ১ সেট ইডেন মহিলা কলেজের প্রশাসনিক ভবনের ৩য় তলা হিসাব শাখায় জমা দিতে হবে অন্যথায় বৃত্তি পাওয়া সত্ত্বেও বৃত্তির টাকা নিজ নামের ব্যাংক হিসাবে পৌঁছবে না।

প্রত্যয়নপত্রসহ সকল কাগজপত্র জমা দেয়ার শেষ তারিখ ১৪/১১/২০২৪ ইং পর্যন্ত, উল্লিখিত তারিখের পরে কোন ক্রমেই প্রত্যয়ন পত্র জমা নেয়া হবে না। উক্ত তারিখের মধ্যে কোন ছাত্রী প্রত্যয়ন পত্র জমা না দিতে পারলে বোর্ডবৃত্তি সংক্রান্ত কোন সমস্যার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বৃত্তির গেজেট স্ব স্ব বোর্ডের ওয়েব সাইটের ঠিকানায় পাওয়া যেতে পারে।

উল্লিখিত বিষয়ে ছাত্রীদেরকে অবহিত করার ব্যবস্থা করতে বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হল।


১১/১০/২৪
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।
ইডেন মহিলা কলেজ, ঢাকা।